# বার্ষিক প্রতিবেদন

**২০১৮-২০১৯ খ্রিস্টাব্দ**

## জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)
## গাজীপুর-১৭০১

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৮-২০১৯ খ্রিস্টাব্দ

## জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)

## গাজীপুর-১৭০১

**বার্ষিক প্রতিবেদন**
**২০১৮-২০১৯ খ্রিস্টাব্দ**

**উপদেষ্টা**
ড. মোঃ আবু সাইদ মিঞা
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
নাটা, গাজীপুর

**সংকলন ও সম্পাদনায়**
ড. মোঃ এখলাছ উদ্দিন
উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা), নাটা
ড. মোঃ ছাইদুর রহমান
উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা
মোঃ সাইফুল ইসলাম
সিনিয়র সহকারি পরিচালক (হর্টিকালচার ক্রপ ডিজিজ)
মাহমুদা হক
সিনিয়র সহকারি পরিচালক ( কৌলিতত্ব ও উদ্ভিদ প্রজনন)
সুমাইয়া শারমিন
প্রকাশনা কর্মকর্তা, নাটা

**প্রকাশকাল**
সেপ্টেম্বর ২০১৯

**২য় সংখ্যা**
২০০ কপি

**প্রকাশনায়**
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)
গাজীপুর-১৭০১
www.nata.gov.bd
dgnata14@gmail.com

**প্রিন্টিং ও বাইন্ডিং:**

# মুখবন্ধ

বাংলাদেশ বর্তমানে উন্নয়নের মহাসড়কে ধাবিত হচ্ছে। সময়ের পরিক্রমায় জলবায়ু পরিবর্তনের ফলে টেকসই কৃষি এবং উতপাদন বৃদ্ধির জন্য জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি সংশ্লিষ্ট জনবলের দক্ষতার উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি দপ্তর/সংস্থার কর্মকর্তাদের (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) আধুনিক প্রযুক্তি ও ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২০১৪ সাল হতে তার কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। সুবিধাভোগী প্রতিষ্ঠানসমূহের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপণ কর্মশালার আয়োজন এবং সেই আলোকে প্রশিক্ষণ প্রদানসহ নাটা প্রতিবছর জনপ্রশাসন মন্ত্রণালয় / কৃষি মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী বুনিয়াদি প্রশিক্ষণ ও স্পন্সর্ড প্রশিক্ষণ / কর্মশালার আয়োজন করে যাচ্ছে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনে সর্বদা অঙ্গীকারাবদ্ধ। প্রশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত জ্ঞান কাজে লাগিয়ে প্রশিক্ষিত জনবল টেকসই উন্নয়ন অভিষ্ট অর্জনে পালন করবে গুরুত্বপূর্ন ভূমিকা। উন্নয়ন ও সমৃদ্ধির পথে এগিয়ে যাবে দেশ, এগিয়ে যাবে দেশের কৃষি। পূরণ হবে বাংলাদেশ সরকারের ভিশন ২০২১ এবং ভিশন ২০৪১। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) প্রতি বছরের মত ২০১৮-১৯ অর্থবছরেও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে। মানব সম্পদ উন্নয়ন এবং দক্ষ জনবল গঠনের সকল প্রয়াশ এখানে সংক্ষিপ্ত আকারে সন্নিবেশিত হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন কৃষি সংশ্লিষ্ট জনবলের দক্ষতা ও মানব সম্পদ উন্নয়নে অত্র একাডেমির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে কার্যকর ভূমিকা পালন করবে। এ প্রতিবেদন প্রস্তুতে সংশ্লিষ্ট নাটার সকল কর্মকর্তাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ড. মোঃ আবু সাইদ মিঞা
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)

# সূচীপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | এক নজরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি | ০১ |
| ২ | নাটার অংশীজন | ০২ |
| ৩ | সিটিজেন চার্টার | ০৩ |
| ৪ | জনবল | ০৫ |
| ৫ | সাংগঠনিক কাঠামো | ০৭ |
| ৬ | ২০১৮-১৯ অর্থ বছরে গৃহীত কার্যক্রম এবং অর্জনসমূহ | ০৮ |
| ৭ | প্রতিষ্ঠানের মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম | ০৮ |
| ৮ | ২০১৮-১৯ অর্থবছরে নাটার প্রকাশনাসমূহের তালিকা | ১৩ |
| ৯ | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প | ১৫ |
| ১০ | আধুনিক কৃষি প্রযুক্তি প্রদর্শনী ও নাটার খামার উন্নয়ন কর্মসূচি | ১৬ |
| ১১ | N-২৫তম NARS বিজ্ঞানীদের বুনিয়াদি প্রশিক্ষণ | ১৮ |
| ১২ | Food Processing and Preservation Techniques শীর্ষক প্রশিক্ষণ | ২১ |
| ১৩ | এন-২৬ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ২৩ |
| ১৪ | Climate Smart Agriculture শীর্ষক প্রশিক্ষণ | ২৪ |
| ১৫ | Public Financial Management শীষক প্রশিক্ষণ | ২৭ |
| ১৬ | রিভিউ এবং ভ্যালিডেশন ওয়ার্কশপ, ২০১৯ | ২৮ |
| ১৭ | মাটির স্বাস্থ্য ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ৩০ |
| ১৮ | ২০১৮-১৯ অর্থবছরে নাটায় শোক দিবস, বিজয় দিবস, কৃষিবিদ দিবস, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবসসহ অন্যান্য দিবস পালন | ৩১ |
| ১৯ | "Integrated Water Resource Management in Agriculture" শীষক প্রশিক্ষণ | ৩৩ |
| ২০ | Disaster Management in Agriculture শীষক প্রশিক্ষণ | ৩৪ |
| ২১ | 1.Good Agricultural Practices (GAP) for the Production of safe fruits and vegetables, ও 2.Value Chain Management for Economically Important Horticultural Crops শীষক প্রশিক্ষণ | ৩৬ |
| ২২ | Modern Office Management শীর্ষক প্রশিক্ষণ | ৩৭ |
| ২৩ | মানবসম্পদ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | |
| ২৪ | Eco- friendly Plant Protection Technology শীর্ষক প্রশিক্ষণ কোর্স | ৩৭ |
| ২৫ | Project Appraisal and Formulation of Development Project Proforma শীর্ষক প্রশিক্ষণ কোর্স | ৩৮ |
| ২৬ | Civil case, NIS, RTI, SDGs, APA and Management of Agril. Rules & Regulation **শীর্ষক প্রশিক্ষণ কোর্স** | ৪০ |
| ২৭ | জুলাই/ ২০১৮ হতে জুন/২০১৯ পর্যন্ত নাটার অডিট প্রতিবেদন | ৪১ |
| ২৮ | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর মূল্যায়ন | ৪২ |
| ২৯ | ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (জুলাই' ১৮ - জুন' ১৯) মূল্যায়ন প্রতিবেদন | ৪৭ |
| ৩০ | কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রার বিপরীতে বার্ষিক (জুলাই'১৮ - জুন'১৯) প্রতিবেদন | ৫২ |
| ৩১ | দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ | ৫৩ |
| ৩২ | উপসংহার | ৬১ |
| ৩৩ | Appendix A: List of Faculty Members | ৬২ |
| ৩৪ | Appendix B: List of Other Officers and Staff | ৬৫ |
| ৩৫ | শব্দ সংক্ষেপ (Acronyms) | ৬৭ |

# সারসংক্ষেপ (Abstract)

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি মন্ত্রণালয়ের আওতাভূক্ত একমাত্র শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি দপ্তর/সংস্থার মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপণ কর্মশালার আয়োজন এবং সেই আলোকে প্রশিক্ষণ প্রদান নাটার অন্যতম প্রধান কাজ। নাটা সময়ে সময়ে বিভিন্ন স্পন্সর্ড প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করে যাচ্ছে।২০১৮-১৯ অর্থ-বছরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) ৬৯০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষমাত্রার বিপরীতে ২৩টি বিষয়ে ৩২ ব্যাচে মোট ৮৩০ জন ১ম শ্রেণীর অফিসারকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং ২৪০ জন কর্মকর্তার অংশগ্রহণে ৩ টি কর্মশালার আয়োজন করেছে । স্পন্সর্ড প্রশিক্ষণ এর অংশ হিসেবে জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) এর ২ ব্যাচে ৮০ জন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উর্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে ৪ (চার) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করেছে। স্পন্সর্ড প্রশিক্ষণ কর্মসূচী হিসেবে কৃষি মন্ত্রণালয়, ডিএই, ব্রি, বিএআরআই, বিএআরসি ইত্যাদি প্রতিষ্ঠানের ১৫ ব্যাচে মোট ৩৮৪ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে । সেবা গ্রহীতাদের সেবা পেতে সহায়তা করার জন্য অনলাইন রেজিস্ট্রেশন চালু রাখা, সৌরবিদ্যুৎ ব্যবহার, ফাইবার অপটিক, ফ্লোর এলইডি ও সিসি ক্যামেরার ব্যবহার বৃদ্ধি করা হয়েছে। প্রশিক্ষণকে যুগোপযোগী ও আধুনিকায়নের জন্য ডিজিটাল কম্পিউটার কাম ল্যাংগুয়েজ ল্যাব ও ডিজিটাল স্টারবোর্ড ব্যবহার করা হয়েছে এবং কর্মশালার মাধ্যমে ২১ টি প্রশিক্ষণ ম্যানুয়াল ভেলিডেশন করা হয়েছে। পরিবর্তিত পরিস্থিতি মোকাবেলা করার জন্য নাটা বিশেষভাবে সাম্প্রতিক উদ্ভাবিত সম্ভাবনাময় ও গুরুত্বপূর্ণ কৃষি সম্পর্কিত কারিগরি বিষয় ও ব্যবস্থাপনা বিষয়ের উপর গুরুত্ব দিয়ে থাকে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির অনুষদ সদস্যদের পেশাগত দক্ষতা উন্নয়নকল্পে ২০১৮-১৯ অর্থবছরে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ কার্যক্রমে প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থ্যা করা হয়েছে।। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি বিভিন্ন বিষয়ে নাটার কর্মকর্তা কর্মচারীর জন্য ৬০ জন ঘন্টা ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করেছে। নাটায় চলমান "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় ট্রেনিং কমপ্লেক্স, এক্সটারনাল ইলেকট্রিফিকেশন, করিডোর, মেইন গেইট, ডিজি বাংলো, ডরমিটরি, মেডিক্যাল সেন্টার, ক্যাফেটেরিয়া এক্সটেনশন, অডিটরিয়াম আধুনিকীকরণ ইত্যাদি নির্মাণ কার্য সম্পাদন করা হয়েছে। আধুনিক কৃষি প্রযুক্তি ও নাটার খামার উন্নয়ন কর্মসূচির আওতায় আধুনিক কৃষি যন্ত্রপাতি ক্রয়, ফার্ম রোড, ফার্ম ড্রেন নির্মাণ এবং সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। সর্বোপরি জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) ক্রমশ উন্নয়নের দিকে ধাবিত হচ্ছে। এই ধারাবাহিক উন্নয়ন সচল রাখতে নাটা অনবরত ইনোভেশন অনুসন্ধান করে যাচ্ছে এবং আইসিটি সমৃদ্ধ সেবা প্রদান পদ্ধতির নতুন দিক উন্মোচিত করে যাচ্ছে। এভাবেই নাটা তার সর্বোচ্চ প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনের জন্য দ্রুতগতিতে এগিয়ে চলতে সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ।